

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা

স্মারক নং-দুদক/প্রতিরোধ/দৈনন্দিনসভা/২৩/১৪/১৩৮৮৮(৩৫)

তারিখ: ১৪/৫/২০১৫ খ্রি.

বিষয় : উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি গঠন ও পুনর্গঠনের ক্ষমতা কমিশনের পক্ষে বিভাগীয় পরিচালকগণের উপর
ন্যস্ত।


সূত্র : ১৩/৫/২০১৫ তারিখের কমিশনের গবেষণা, পরীক্ষণ, প্রতিরোধ ও গণসচেতনতা অনুবিভাগের ০৮/২০১৫ নং
দৈনন্দিন সভার ১(ক) উপক্রমিকের সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কমিশনের প্রতিরোধ ও গবেষণা অনুবিভাগের ১৩/৫/২০১৫
তারিখের ০৮/২০১৫ নং দৈনন্দিন সভায় সিদ্ধান্ত হয় যে, “উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি গঠন ও পুনর্গঠনের ক্ষমতা
কমিশনের পক্ষে বিভাগীয় পরিচালকগণের নিকট অর্পণ করা হয় এবং উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি গঠন ও পুনর্গঠনের
প্রতিবেদন প্রতিমাসে প্রধান কার্যালয়ের প্রতিরোধ ও গবেষণা অনুবিভাগের মহাপরিচালক বরাবর প্রেরণ করবেন ” (নোটসীটের
ছায়ালিপি সংযুক্ত)।

এমতাবস্থায়, কমিশনের দৈনন্দিন সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ
করা হ'ল।

সংযুক্ত: বর্ণনামতে- ০১ (এক) পাতা।

পরিচালক
দুর্নীতি দমন কমিশন
বিভাগীয় কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল।


(মো: মনিরুজ্জামান)
পরিচালক
(প্রতিরোধ ও গণসচেতনতা)
ফোন: ৯৩৬২৪৩৭

অনুলিপি :

১. মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সানুখহ অবগতির জন্য)।
২. সিস্টেম এনালিস্ট (আইসিটি), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার
অনুরোধসহ)।
৩. উপপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়-----।
৪. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়- এর সানুখহ
অবগতির জন্য)।
৫. কমিশনার তদন্ত/অনুসন্ধান- এর একান্ত সচিব দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার তদন্ত/
অনুসন্ধান মহোদয়- এর সানুখহ অবগতির জন্য)।
৬. সচিব- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়- এর সানুখহ অবগতির জন্য)।